

AKASHVANI KOLKATA

RNU: KOLKATA Bengali Text Bulletin

Date 04-10-2026

Time: 7.50 PM

বিশেষ বিশেষ খবর -

- ১) উৎসবের মরসুমের আগে শিল্প বিনিয়োগ সহ বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত নিতে রাজ্য সরকার আগামীকাল আরও একবার মন্ত্রিসভার বৈঠকে বসতে চলেছে।
 - ২) আঞ্চলিক অর্থনীতিতে গতি আনতে চারটি নতুন বিমানবন্দর তৈরীর জন্য রাজ্য সরকার, আগামীকাল কেন্দ্রের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর করবে।
 - ৩) অভিনেত্রী কোয়েল মল্লিকের ছেড়ে দেওয়া রাজ্যসভার আসনে আবার তাকেই প্রার্থী করেছে ভারতীয় জনতা পার্টি।
 - ৪) পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম ও মুর্শিদাবাদের রেজিনগর বিধানসভা আসনে উপ-নির্বাচনের প্রচার আজ সন্ধ্যায় শেষ হয়েছে। ভোটগ্রহণ ৬ই অক্টোবর।
 - ৫) আইএফএ শিল্ড ফুটবলের প্রথম সেমিফাইনালে মোহনবাগান সুপার জায়ান্ট, পাঞ্জাব এফসির মুখোমুখি। অতিরিক্ত সময় পর্যন্ত খেলা গোলশূন্য।
- রিপিট হেডলাইন - মোহনবাগান সুপার জায়ান্ট ১২৬-তম আই এফ এ শিল্ড ফুটবল টুর্নামেন্টের ফাইনালে উঠেছে।

উৎসবের মরসুমের আগে বেশকিছু বিষয়ে সিদ্ধান্ত নিতে রাজ্য সরকার আরও একবার মন্ত্রিসভার বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরহিত্যে আগামীকাল নবান্নে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্য মন্ত্রিসভার সব সদস্যদের

নির্দেশ দেওয়া হয়েছে। শিল্প, সীমান্তবর্তী জেলায় বিএসএফকে জমি, বিভিন্ন দপ্তরে শূন্য পদ পূরণ সহ আগামী মঙ্গলবার কলকাতার যুবভারতী ক্রীড়াঙ্গনে ভারতের সঙ্গে উরুগুয়ের যে প্রীতি ফুটবল ম্যাচ রয়েছে সেখানে গত বছরের মেনি কাণ্ডে যারা টিকিট কেটে প্রতারণা করেছিলেন তাদের বিনামূল্যে টিকিট দেওয়ার বিষয় নিয়ে বৈঠকে প্রস্তাব আনা হতে পারে বলে জানা গিয়েছে।

রাজ্যের আঞ্চলিক অর্থনীতিতে গতি আনতে এবং বিমান যোগাযোগ পরিকাঠামো আরও শক্তিশালী করতে চারটি নতুন বিমানবন্দর তৈরির জন্য রাজ্য সরকার, আগামীকাল কেন্দ্রের সঙ্গে সমঝোতা স্মারকপত্র স্বাক্ষর করতে চলেছে। কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহনমন্ত্রী কিনজারাপু রামমোহন নাইডু, রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এবং এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া প্রতিনিধিদের উপস্থিতিতে আগামীকাল দুপুরে নবান্ন সংলগ্ন সভাঘরে এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান হবে বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। উল্লেখ্য, কেন্দ্রীয় উড়ান প্রকল্পে পুরুলিয়ার ছররা, পশ্চিম মেদিনীপুরের কলাইকুন্ডা, দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট ও আলিপুরদুয়ারের হাসিয়ারায় নতুন এই বিমানবন্দর তৈরি হলে বিনিয়োগ ও পর্যটনে নতুন সম্ভাবনা, কর্মসংস্থান তৈরি হবে বলে মনে করা হচ্ছে।

অভিনেত্রী কোয়েল মল্লিকের ছেড়ে দেওয়া রাজ্যসভার আসনে আবার তাকেই প্রার্থী করেছে ভারতীয় জনতা পার্টি। গত ১৬ জুলাই দিল্লিতে গিয়ে উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণের সঙ্গে দেখা করেন অভিনেত্রী কোয়েল। তৃণমূলের সাংসদ পদ থেকে

ইস্তফাপত্র জমা দেওয়ার পর থেকেই তাঁর নামেই জল্পনা ছিল। আগামী ১৬ অক্টোবর, তাঁর ছেড়ে দেওয়া ওই আসনে উপনির্বাচন রয়েছে।

কোয়েলের আগে আরও তিন জন— সুখেন্দুশেখর রায়, সুস্মিতা দেব এবং প্রকাশচিক বরাইক রাজ্যসভায় তৃণমূলের সাংসদ পদে ইস্তফা দেন। পরে তিন জনকেই আবার রাজ্যসভায় পাঠায় বিজেপি। তৃণমূলের সাংসদ পদ ছাড়ার পর গত ৯ জুলাই বিজেপি-তে যোগ দিয়েছিলেন সুখেন্দু, সুস্মিতা এবং প্রকাশ। যোগদানের কয়েক ঘণ্টার মধ্যেই তিন জনকে রাজ্যসভার উপনির্বাচনের প্রার্থী করে বিজেপি। এবার কোয়েলকে রাজ্যসভায় প্রার্থী করলো বিজেপি।

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম ও মুর্শিদাবাদের রেজিনগর বিধানসভা আসনে উপনির্বাচনের প্রচার আজ সন্ধ্যায় শেষ হয়েছে।

নন্দীগ্রাম বিধানসভার বিজেপি প্রার্থীর সমর্থনে সকালে টেঙ্গুয়া মোড় থেকে নন্দীগ্রাম হসপিটাল মোড় পর্যন্ত জনসংযোগ যাত্রা করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বিকেলে রাজারামচক হাইস্কুল থেকে মীরের বাজার পর্যন্ত এক পদযাত্রায় তিনি যোগ দেন।

কংগ্রেস ও বামফ্রন্ট প্রার্থীরাও আজ নন্দীগ্রামের বিভিন্ন এলাকায় গ্রামে গ্রামে ভোট প্রচার করেন। কংগ্রেস প্রার্থী রেয়াপাড়া ও ভীম বাজার এলাকায় প্রচার চালান।

দাউদপুর গ্রাম পঞ্চায়েত এলার নয়নানে ভোট প্রচারের সময়ে আজ সকালে বিজেপির বিরুদ্ধে মারধর করার অভিযোগ করেছেন নন্দীগ্রামের আইএসএফ প্রার্থী সবেমিরাজ আলি খান। বিজেপি অবশ্য অভিযোগ অস্বীকার করেছে।

রেজিনগর বিধানসভা আসনের উপনির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকে প্রচার চালানো হয়। তবে সন্ত্রাস ও পুলিশী হয়রানির অভিযোগ এনে ভোট প্রচার থেকে নিজেদের সরিয়ে রেখেছে আম জনতা উন্নয়ন ও আরএসপি।

ইতিমধ্যে নন্দীগ্রাম ও রেজিনগরে পৌঁছতে শুরু করেছে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা। পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী গ্রামে গ্রামে রুটমার্চ করছে। বিধানসভা নির্বাচনে শুভেন্দু অধিকারী ভবানীপুর এবং নন্দীগ্রাম দুটি আসন থেকেই জয়ী হন। আম জনতা উন্নয়ন পার্টির হুমায়ুন কবীরও নওদা এবং রেজিনগর আসন থেকে জয়লাভ করেন। পরে নন্দীগ্রাম আসনটি শ্রী অধিকারী এবং রেজিনগর আসনটি হুমায়ুন কবীর ছেড়ে দেওয়ায় ওই দুই কেন্দ্রে ৬ ই অক্টোবর মঙ্গলবার উপ-নির্বাচন হবে। গণনা ৯' তারিখ।

এই প্রথম লোকভবনের উদ্যোগে শিক্ষার্থীদের জন্য ১৯৪৬ সালে কলকাতা গণহত্যা বা দ্য গ্রেট ক্যালকাটা কিলিংস-এর বিষয় নিয়ে রাজ্য স্তরের প্রবন্ধ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। রাজ্যের স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের পড়ুয়ারা বাংলা বা ইংরেজী ভাষায় এই প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন। স্কুল বিভাগে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় পুরস্কার ৫০, ৩৫ ও ২৫ হাজার টাকা। কলেজ ও বিশ্ববিদ্যালয় বিভাগে পুরস্কার ১ লক্ষ, ৭৫ ও ৫০ হাজার টাকা। একজন প্রতিযোগী একটিই মাত্র প্রবন্ধ জমা দিতে পারবে। এ-আই নির্ভর লেখা গ্রহণযোগ্য হবে না। ১৫ ই নভেম্বরের মধ্যে ডাকযোগ বা ক্যুরিয়ার মাধ্যমে লোকভবনে প্রবন্ধ পাঠাতে হবে। লোকভবনে বিজয়ীদের সম্বর্ধনা দেওয়া হবে আগামী ২৬ শে জানুয়ারী।

নদীয়ার ফুলিয়ায় আজ অনুষ্ঠিত হয় দশম ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হ্যান্ডলুম অ্যালুমিনি মেগামিট। এখানে পরিবেশবান্ধব তাঁত শিল্প, প্রাকৃতিক রং ও জলহীন রং প্রক্রিয়ার পাশাপাশি বিশ্বের বিভিন্ন দেশে রপ্তানির বাজার তৈরির বিষয় নিয়ে গুরুত্ব আরোপ করা হয়। সমগ্র তাঁত শিল্পের উন্নতিকল্পে দেশের বিভিন্ন অংশ থেকে প্রাক্তন ছাত্র-ছাত্রী, ডিজাইনার ও আধিকারিকরা এতে যোগদান করেন।

১৮ টি রাজ্য থেকে ৩৫০ জন প্রতিনিধি এই মেগামিটে যোগ দেন। বারানসি, সেলাম, গৌহাটি, বরগড় ও ফুলিয়া থেকে উত্তীর্ণ হওয়া সফল ১৫ জন উদ্যোগপতি এতে যোগ দিয়েছেন।

জনসেবা থেকে দেশ সেবা এই মন্ত্রকে সামনে রেখে ২৫ বছরের দীর্ঘ রাজনৈতিক জীবনে মানুষের সেবায় নিরলস ভাবে কাজ করে চলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সেবা ও সুশাসনের এই ভাবনাকে সামনে রেখেই ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য পূরণে কাজ করছে কেন্দ্র। আজকের বিষয় সন্ত্রাসবাদের বিরুদ্ধে নতুন দিক নির্দেশ। একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

পশ্চিমবঙ্গে কোন প্রকার দেশবিরোধী কার্যকলাপ বরদাস্ত করা হবে না বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী স্পষ্ট জানিয়েছেন। কলকাতায় আজ রাম মন্দির আন্দোলনের পুরোধা পুরুষ ও বিশ্ব হিন্দু পরিষদের প্রাক্তন সভাপতি অশোক সিংহলের জন্ম শতবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে তিনি বলেন, সারাদেশে দেশবিরোধী শক্তিগুলি সক্রিয় হয়ে উঠেছে। প্রসঙ্গত তিনি রামনবমীতে সাম্প্রদায়িক অশান্তি, ধুলিয়ান, সামশেরগঞ্জ, মহেশতলার ঘটনার কথা তাঁর বক্তব্যে তুলে ধরেন।

পাশাপাশি যাদবপুর বিশ্ববিদ্যালয়ে দেশ বিরোধী স্লোগানেরও তিনি তীব্র নিন্দা করেন। মুখ্যমন্ত্রী জানান, ইতিমধ্যেই অপারেশন সিঁদুরের মাধ্যমে দেশবিরোধী শক্তিকে বার্তা দেওয়া হয়েছে। তিনি অভিযোগ করেন, অতীতে রাজ্য সরকার হিন্দু সংস্কৃতিকে

ক্রমাগত অসম্মান করেছে এবং বিগত বছরগুলোতে রাজ্যের নানা প্রান্তে হিন্দুদের ওপর বিভিন্ন আক্রমণ চালানো হয়েছে।

পূর্বতন সরকারের সময়ে দেবীর নিরঞ্জনের দিন পরিবর্তনের সিদ্ধান্তেরও মুখ্যমন্ত্রী সমালোচনা করেন।

বাইট শুভেন্দু

বিশ্ব হিন্দু পরিষদের পূর্বক্ষেত্রের সম্পাদক অমিয় সরকার, স্বামী নিগুণানন্দ মহারাজ প্রমুখ অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

মোহনবাগান সুপার জায়ান্ট ১২৬-তম আই এফ এ শিল্ড ফুটবল টুর্নামেন্টের ফাইনালে উঠেছে। কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে আজ প্রথম সেমিফাইনালে, মোহনবাগান পাঞ্জাব এফ সি-কে টাই ব্রেকারে ৪-৩ গোলে হারিয়ে দিয়েছে।

এর আগে নির্ধারিত ৯০ মিনিটে খেলা অসমীমাংসিত থাকায় অতিরিক্ত সময়ে গড়ায়। ৮৫ মিনিটে মোহনবাগান অধিনায়ক শুভাশিস বসু গোল করলেও অফসাইডের কারণে তা বাতিল হয়ে যায়।
